# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ

পত্র নং- ৩৩.০৪.০০০০.১০৫.৭৯.০০১.১৯- ২১৪৪ তারিখ: ২৯-১১-২০২১ইং

**২৯-১১-২০২১ইং তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ বর্ণিত কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে সিদ্ধান্ত গ্রহণ/দিক নির্দেশনা/সুপারিশ প্রদান বিষয়ে নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী :**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোহসেনা বেগম তনু , মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা ও ব্যবস্থাপনা) |
| তারিখ | : | ২৯-১১-২০২১ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা ও ব্যবস্থাপনা) এর অফিস কক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে সভার বিবেচ্য বিষয় উপস্থাপনের আহবান জানান। সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে সদস্য সচিব সভার বিবেচ্য বিষয় সভায় উপস্থাপন করেন। যা নিম্নে উল্লেখ করা হলোঃ

**বিবেচ্য বিষয় এক** : ইনস্টিটিউটের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ বর্ণিত কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন।

বিবেচ্য বিষয় উপস্থাপন করে সদস্য সচিব বলেন যে, ইনস্টিটিউটের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ বর্ণিত কার্যক্রমসমূহ কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন করতে হবে মর্মে জানান। এ প্রেক্ষিতে ইনস্টিটিউটের সদর দপ্তরসহ সকল কেন্দ্র/উপকেন্দ্রে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রমের অংশ হিসেবে ২য় কোয়ার্টারের কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণের জন্য সভাকে অনুরোধ করেন। অত:পর সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা করে সর্বসম্মতিক্রমে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ০১ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০২ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakcholders) অংশগ্রহণে সভা যথাসময়ে আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০৩ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিএসও (প্রশিক্ষণ) |
| ০৪ | কর্মপরিবেশ উন্নয়নে ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষা উপকরণ বিতরণ করতে হবে। | সহকারী পরিচালক |
| ০৫ | কর্মপরিবেশ উন্নয়নে অকেজো মালামাল বিনষ্টকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক |
| ০৬ | কর্মপরিবেশ উন্নয়নে অফিস জীবানুমুক্তকরণের ব্যবস্থা গ্রহন করতে হবে। | সহকারী পরিচালক |
| ০৭ | শুদ্ধাচার জাতীয় কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিস্টেম এনালিস্ট ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০৮ | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভা আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৯ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী ও সিস্টেম এনালিস্ট |
| ১০ | উন্নয়ন প্রকল্পের PIC সভা আয়োজন করতে হবে। | সিএসও (পরিকল্পনা) |
| ১১ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন করতে হবে। | পিএসও (পরিকল্পনা-২) |
| ১২ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। | সিএসও (পরিকল্পনা) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ১৩ | ইনস্টিটিউটের বার্ষিক রিপোর্ট প্রকাশ করতে হবে। | প্রকাশনা কর্মকর্তা |
| ১৪ | ইনস্টিটিউটের আওতাধীন কেন্দ্র ও উপকেন্দ্রের পোনা বিতরণ কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে। | পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) |
| ১৫ | তথ্য বাতায়ন হালনাগাদকরনের ব্যবস্থা গ্রহন করতে হবে। | প্রকাশনা কর্মকর্তা |
| ১৬ | ইজিপি বাস্তবায়নের ব্যবস্থা গ্রহন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী |
| ১৭ | অধিনস্ত দপ্তর পরিদর্শন সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |

সভায় আর কোন আলোচনা না থাকায় পরিশেষে সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/১১/২০২১

(ড. মোহসেনা বেগম তনু)
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা ও ব্যবস্থাপনা)
ও
সদস্য, নৈতিকতা কমিটি

পত্র নং- ৩৩.০৪.০০০০.১০৫.৭৯.০০১.১৯- ২১৪৪ তারিখ:২৯-১১-২০২১ইং

জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

১। ড. অনুরাধা ভদ্র, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২। জনাব সেখ রাসেল, উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৩। জনাব মোহাম্মদ ফেরদৌস সিদ্দিকী, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা ও ব্যবস্থাপনা) বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সংশ্লিষ্ট নথি/মাষ্টার নথি।

২৯/১১/২১

(মোহাম্মদ ফেরদৌস সিদ্দিকী)
উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা ও ব্যবস্থাপনা)
ও
বিকল্প ফোকাল পয়েন্ট (শুদ্ধাচার)

# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

## ময়মনসিংহ-২২০১

ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সভাপতিতে অদ্য ২৯-১১-২০২১ইং তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ বর্ণিত কার্যক্রমসমূহ যথা সময়ে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ/দিক নির্দেশনা/সুপারিশ প্রদানের নিমিত্ত নৈতিকতা কমিটির ২য় সভায় উপস্থিত সদস্যগণের উপস্থিতির বিবরণীঃ

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন/ মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | ড. মোহসেনা বেগম তনু<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>(গবেষণা ও ব্যবস্থাপনা ) | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সদর দপ্তর, ময়মনসিংহ | ০১৭১১১১৫৩৩৩ | ২৯/১১/২১ |
| ০২. | ড. অনুরাধা ভদ্র<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>(পরিকল্পনা-১) | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সদর দপ্তর, ময়মনসিংহ | ০১৭২২৩১৯৪৫২ | ২৯/১১/২১ |
| ০৩. | জনাব সেখ রাসেল<br>উপ-পরিচালক (অর্থ ও হিসাব) | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সদর দপ্তর, ময়মনসিংহ | ০১৭০৪৭৪২২৮৮ | 29.11.21 |
| ০৪. | জনাব মোহাম্মদ ফেরদৌস সিদ্দিকী<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>(গবেষণা ও ব্যবস্থাপনা ) | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সদর দপ্তর, ময়মনসিংহ | ০১৭২২৯৮৫৫২৫ | ২৯/১১/২১ |
| ০৫. | জনাব জান্নাতুল ফেরদৌস ঝুমা<br>সহকারী পরিচালক (চ:দা:) | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সদর দপ্তর, ময়মনসিংহ | ০১৭৫৬৩১১৬৮০ | ২৯/১১/২১ |

# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ

স্মারক নং- ৩৩.০৪.০০০০.১০৫.৭৯.০০১.১৯-২১৬৪(৯) তারিখ : ২৮-১১-২০২১ইং

## সভার নোটিশ

ইনস্টিটিউটের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ বর্ণিত কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ/দিক নির্দেশনা/সুপারিশ প্রদানের নিমিত্ত নৈতিকতা কমিটির ২য় সভা আগামী ২৯-১১-২০২১ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা ও ব্যবস্থাপনা) মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

(জান্নাতুল ফেরদৌস ঝুমা)
সহকারী পরিচালক (চ.দা.)
ও
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

স্মারক নং- ৩৩.০৪.০০০০.১০৫.৭৯.০০১.১৯-২১৬৫(৯) তারিখ : ২৮-১১-২০২১ইং

কার্যার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) :

১। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা ও ব্যবস্থাপনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা -১), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সদর দপ্তর, ময়মনসিংহ।
৩। উপপরিচালক (অর্থ ও হিসাব), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সদর দপ্তর, ময়মনসিংহ।
৪। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা ও ব্যবস্থাপনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সদর দপ্তর, ময়মনসিংহ।
৫। সহকারী পরিচালক (চ:দা:),বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সদর দপ্তর, ময়মনসিংহ।
৬। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭।সংশ্লিষ্ট নথি/মাষ্টার নথি।

সহকারী পরিচালক (চ.দা.)
ও
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি